

যানবাহনের নীতিমালা করা উচিত : আনিসুল

✍ কালের কণ্ঠ অনলাইন



অ +

অ -



দেশে বাস, ট্রাকসহ সব যানবাহন সমীক্ষা করে একটি রেগুলেশন করার প্রতি আহ্বান জানিয়েছেন ঢাকা উত্তর সিটি করপোরেশনের মেয়র আনিসুল হক। আজ বৃহস্পতিবার দুপুর ২টার দিকে রাজধানীর সোনারগাঁ হোটেলে তিনি এ আহ্বান জানান।

আনিসুল হক বলেন, দেশে কতগুলো নতুন ও পুরাতন গাড়ি চলছে তার সমীক্ষা করা উচিত। প্রতিদিন কী পরিমাণ বাস-ট্রাক চলাচল করা উচিত তা বের করতে হবে।

ট্রাক মালিকদের সঙ্গে আমাদের আলোচনা হয়েছে। ৫ শ ট্রাক মালিক ৫টি কম্পানির মধ্যে আসতে রাজি হয়েছেন। সব মিলিয়ে এসব যানবাহনের একটি নীতিমালা তৈরি করা উচিত।

অন্যদিকে, দেশের বিনিয়োগ আশানুরূপ পর্যায়ে নেই বলে মন্তব্য করেছেন আনিসুল।

তিনি বলেন, যে পরিমাণ বিনিয়োগ হবে বলে আমরা আশা করছিলাম, তা হচ্ছে না। ব্যাংকের লাখো-কোটি টাকা অলস পড়ে থাকার প্রমাণ পাওয়া যায়। কয়েকটি সেক্টরকে চিহ্নিত করে সামনের দিকে এগিয়ে যাওয়া উচিত।